NYC Department of Education
Chancellor Richard A. Carranza

17 অগাস্ট, 2020

প্রিয় পরিবারবর্গ,

সুদিনে এবং কঠিন সময়ে, আমি জানি আপনি আপনার সন্তানের জন্য সবচেয়ে ভালটা চান। আপনি চান যেন সে নিরাপদে, সুস্থ, এবং আনন্দিত থাকে। এবং আপনি চান তারা যেন সবসময়ই শেখে, বেড়ে উঠে, এবং বিশ্বকে মোকাবিলা করতে প্রস্তুত হয়। সেটায় আমাদের স্কুলগুলো একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, বিশেষত এখন, যখন আমাদের সিটির ছেলেমেয়েরা এত কিছু মোকাবিলা করেছে।

আমাদের জন্য, স্বাস্থ্য ও সুরক্ষা সবসময়ই প্রাধান্য পায়। ফল-এর (হেমন্তের) জন্য আমাদের লক্ষ্য আমাদের শিক্ষার্থীদের প্রত্যেকের জন্য একটি নিরাপদ, সুদৃঢ়, ও সহায়ক শিক্ষা পরিবেশ এবং একটি চমৎকার শিক্ষা প্রদান করা। স্কুল পুরোপুরি শুরু হবে এবং শিক্ষার্থীরা সপ্তাহের পাঁচদিনই শিখবে—তারা যেখানেই থাকুক না কেন।

শিক্ষা অভিজ্ঞতা কীভাবে কাজ করবে সেবিষয়ে আমরা এখন অধিক পরিমাণে জানি। পরিবারদের জন্য এই সপ্তাহের স্কুল পুনরায় খোলার হালনাগাদ তথ্যে, আপনি পাবেন:

- ভেন্টিলেশন, স্কুল নার্স, এবং স্কুলগুলোতে টেস্টিং ও ট্রেসিং (পরীক্ষণ ও অনুসরণ) সহ স্বাস্থ্য ও সুরক্ষার সর্বসাম্প্রতিক তথ্য
- আপনার স্কুল কমিউনিটির নিশ্চিত COVID-19 কেইসগুলো সম্পর্কে কীভাবে অবহিত থাকতে হবে
- পরিবারেরা কীভাবে তাদের সন্তানদের জন্য পুরোপুরি দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পছন্দ বেছে নেয়া/বাতিল করা পরিবর্তন করতে পারে
- যদি শিক্ষার্থীরা যেদিন উপস্থিতির জন্য সময়সূচি করা হয়নি এমন দিনে সশরীরে স্কুলে উপস্থিত হয় তাহলে কী হবে
- ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য সহায়তা
- অস্থায়ী আবাসন (টেম্পোরারী হাউজিং) এবং ফসটার কেয়ারের শিক্ষার্থীদের জন্য সহায়তা

আমরা জানি যে একটি নতুন শিক্ষা বছরের জন্য পরিকল্পনা করা সহজ নয়—তা আপনার জন্য, আমাদের শিক্ষকদের জন্য, স্কুল কর্মীগণের জন্য, এবং আমাদের কমিউনিটির জন্য। কিন্তু আমি বিশ্বাস করি যে একসাথে কাজ করে আমরা দৃঢ়ভাবে শিক্ষা বছরটি শুরু করতে পারবো। আমি আপনার প্রিন্সিপ্যাল এবং স্কুল নেতৃবৃন্দ, যারা পুরো গ্রীষ্মকাল জুড়ে স্কুলের প্রথম দিনের জন্য প্রস্তুত হতে অক্লান্ত পরিশ্রম স্বীকৃতি দিতে চাই।

এছাড়াও আমি আপনাদের ধন্যবাদ দিতে চাই। আপনাদের অংশীদারিত্বের কারণে উভয় সশরীরে ও দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) বিবেচনা এবং পরিকল্পনা করা সম্ভব হয়েছে। আপনার স্কুল কমিউনিটিতে আপনার অব্যাহত বিনিয়োগ ও সম্পৃক্ততা শুধুমাত্র আসন্ন শিক্ষা বছরের জন্যেই নয় বরং পরবর্তী বছরগুলোর জন্যেও আমাদের শিক্ষার্থীদের সফলতা নিশ্চিত করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। আপনাদের এবং আপনাদের সন্তানদের, এই কিশোর-কিশোরীরা যারা স্বল্প দিনের মাঝেই আমাদের সিটির নেতৃত্ব দেবে, তাদের সেবা করতে পেরে আমরা মর্যাদাপ্রাপ্ত।

এই চিঠির তথ্য সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন। আপনার প্রিন্সিপ্যালের যোগাযোগের তথ্য, 'ফাইন্ড এ স্কুল' (Find a School): schoolsearch.schools.nyc ব্যবহার করে আপনার সন্তানের স্কুল খোঁজার মাধ্যমে পেতে পারেন। schools.nyc.gov সাইটে প্রতিটি স্কুলের ওয়েব পেইজে, “স্কুলের যোগাযোগ ও তথ্য (School Contacts and Information)” সেকশনে প্রিন্সিপ্যালের তথ্য পাওয়া যাবে। এবং বরাবরের মতই, স্কুলে পুনরায় ফিরে আসা সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে schools.nyc.gov/returntoschool2020 সাইটে।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

Department of Education
Chancellor Richard A. Carranza

# পরিবারদের জন্য স্কুল পুনরায় খোলা সংক্রান্ত সর্বশেষ তথ্য: 17 আগস্ট, 2020

নিচের সর্বশেষ তথ্য আমাদের স্কুল পুনরায় খোলা সংক্রান্ত ওয়েবপেইজ schools.nyc.gov/returntoschool2020-এ অন্তর্ভুক্ত হয়েছে, যা আপনাকে আসন্ন শিক্ষা বছর সংক্রান্ত তথ্য খুঁজে পেতে 24/7 লভ্য রয়েছে।

## স্বাস্থ্য ও সুরক্ষা সংক্রান্ত সর্বশেষ তথ্য

স্কুল ভবনগুলো সেপ্টেম্বরে খোলার জন্যে এবং খোলা রাখার জন্যে, সাপ্তাহিক গড়ের ভিত্তিতে সকল COVID-19 পরীক্ষার ফলাফল আবশ্যকভাবে পজিটিভের সংখ্যা 3%-এর চেয়ে কম থাকতে হবে। জুলাই থেকে, সিটিতে পরীক্ষার পজিটিভের হার 1 এবং 2 শতাংশের মাঝে রয়েছে। স্কুলে যদি নিশ্চিত কেইস থেকে থাকে তাহলে আমাদের টেস্টিং (পরীক্ষণ), অনুসরণ (ট্রেসিং), এবং স্বেচ্ছায় আলাদাভাবে থাকার (কোয়ারেন্টাইন) জন্য কঠোর নিয়ম-নীতি রয়েছে, এবং যদি কোনো শিক্ষার্থী অথবা স্টাফ সদস্য অসুস্থ বোধ করে অথবা COVID-19-এর নিশ্চিত ঘটনা থেকে থাকে তবে আমরা সংক্রমণ প্রতিরোধে সবরকম প্রচেষ্টা গ্রহণ করবো।

অনেক পরিবারের ভেন্টিলেশন (কক্ষে বাতাস সরবরাহ) সংক্রান্ত প্রশ্ন রয়েছে। আমাদের অঙ্গীকার সাধারণ: যদি কোনো কক্ষে যথাযথ ভেন্টিলেশন (বাতাস সরবরাহ) না থাকে, তবে সেটা শিক্ষার্থী অথবা স্টাফদের জন্য ব্যবহৃত হবে না। আমরা বাহিরের বাতাস সথাসম্ভব পরিমাণ বৃদ্ধি করে ভেন্টিলেশন সর্বোচ্চ করতে ভবনগুলো মূল্যায়ন এবং রক্ষণাবেক্ষণ পরিচালনা করছি। আমরা আশা করছি স্কুল শুরুর আগেই রক্ষণাবেক্ষণ শেষ হবে।

সবশেষে, এই ফল-এ (হেমন্তে), নিউ ইয়র্ক সিটির প্রতিটি স্কুল ভবন এবং সিটিব্যাপী সকল চাইল্ডহুড প্রোগ্রামগুলোতে নার্স লভ্য হবে। আমরা যখন স্কুল নিরাপদে পুনরায় খুলছি এবং COVID-19 সংক্রমণ অব্যাহতভাবে রোধ করছি, নার্সিং কর্মীশক্তি প্রতিষ্ঠার পাশাপাশি, NYC হেলথ্ + হসপিটাল-এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে, প্রতিটি শিক্ষার্থী প্রতিদিন একজন যোগ্য নার্সের সহায়তা পাবার সুযোগ থাকবে। স্কুলের প্রথম দিনের মধ্যেই নার্সদের নিযুক্ত করা হবে।

## আপনার স্কুল কমিউনিটির নিশ্চিত COVID-19 কেইসগুলো সম্পর্কে কীভাবে অবহিত থাকতে হবে

যখন স্কুল বছর শুরু হবে, আপনার সন্তানের স্কুলে নিশ্চিত COVID-19 সংক্রান্ত কেইসগুলো সহ, তথ্য দ্রুত ও কার্যকরীভাবে প্রদান করতে আপনাদের সাথে আমরা যোগাযোগ করতে পারবো তা আমরা নিশ্চিত করতে চাই। অনুগ্রহ করে নিউ ইয়র্ক সিটি স্কুলস অ্যাকাউন্ট (NYCSA)-এ সাইন আপ করুন, যেন আমরা আপনাদের সাথে ফোনে, ইমেইলে, অথবা টেক্সট মেসেজের মাধ্যমে যোগাযোগ করতে পারি।

আপনার NYCSA অ্যাকাউন্ট আপনাকে আপনার সন্তানের গ্রেড, পরীক্ষার স্কোর, সময়সূচি, যাতায়াত সংক্রান্ত তথ্য, এবং আরো অনেক কিছু সম্পর্কেও তথ্য পেতেও সহায়তা করবে — যেকোনো স্থান থেকে, এবং DOE-এর প্রমিত নয়টি ভাষায় অনুবাদের মাধ্যমে। কোনো জরুরি পরিস্থিতিতে আমরা যেন আপনার সাথে যোগাযোগ করতে পারি, সেজন্যে আপনার যোগাযোগের তথ্য সর্বসাম্প্রতিক রাখতে আমি উৎসাহিত করছি। আপনার যদি একটি অ্যাকাউন্ট না থেকে থাকে, তাহলে আজই schools.nyc.gov/nycsa সাইটে সাইন আপ করুন। এটা করতে মাত্র পাঁচ মিনিট লাগবে!

## কীভাবে একজন শিক্ষার্থী পুরোপুরি দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) পছন্দ বেছে নেয়া/বাতিল করা যেতে পারে

আপনার স্কুল প্রিন্সিপ্যালগণ, ডিস্ট্রিক্ট ও সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেটরদের সাথে অংশীদারিত্বে, নিউ ইয়র্ক সিটির প্রতিটি পাবলিক স্কুলের জন্য অব্যাহতভাবে স্কুল পর্যায়ের পরিকল্পনা করে যাচ্ছে। আমরা বর্তমানে আমাদের শিক্ষার্থীর এক-তৃতীয়াংশের (700,000-এর বেশি শিক্ষার্থী) জন্য শিক্ষা বছর শুরু করতে একটি মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং কাঠামোর জন্য পরিকল্পনা করছি। এর অর্থ হচ্ছে যে তারা স্কুল সপ্তাহের কিছুদিন

সশরীরে স্কুল ভবনগুলোতে শিক্ষা গ্রহণ করবে এবং বাকি দিনগুলোতে বাড়িতে দূর থেকে (রিমোটলি) অব্যাহতভাবে শেখা চালিয়ে যাবে। আমাদের DOE কমিউনিটির অবশিষ্ট পরিবারেরা পুরোপুরি দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) মাধ্যমে শিক্ষা বছর শুরু করবে।

আপনি যেকোনো সময় আপনার সন্তানকে পুরোপুরি 100 শতাংশ দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) বেছে নিতে পারেন লার্নিং প্রিফারেন্স অনলাইন ফর্ম: nycenet.edu/surveys/learningpreference-সাইটে পূরণ করার মাধ্যমে। পরিবারেরা 100 শতাংশ দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) থেকে মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে ফিরে যেতে পারেন ত্রয়মাসিক ভিত্তিতে, নভেম্বরের শুরু থেকে।

## যদি শিক্ষার্থীরা যেদিন উপস্থিতির জন্য সময়সূচি করা হয়নি এমন দিনে সশরীরে স্কুলে উপস্থিত হয় তাহলে কী হবে

স্কুলগুলো পরিবারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে তাদের সন্তানেরা সশরীরে কোন্ কোন্ দিন উপস্থিত হবে তা সুস্পষ্টভাবে অবহিত করবে। DOE আপনাকে চাইল্ড কেয়ারের বিকল্প ব্যবস্থা করতে এবং আপনার সন্তান যেন স্কুলে সময়সূচি করা হয়নি যেসব দিনে সেসব দিনে না আসে সেটায় সহায়তা করতে একটি পরিকল্পনা তৈরি করতে উৎসাহিত করছে। যদি কোনো শিক্ষার্থী, যেদিন তার দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) গ্রহণের কথা, সেদিন স্কুলে উপস্থিত হয়, তাহলে আপনার সন্তানের স্কুল আপনাকে অবহিত করবে। যাদের সময়সূচি করা হয়নি এমন দিনে সেসব শিক্ষার্থী উপস্থিত হলে তাদের পিক আপ করতে হবে অথবা বাড়িতে পাঠিয়ে দেয়া হবে, তাদের বয়স ও অন্যান্য বিষয়ের উপর ভিত্তি করে। শিক্ষার্থীরা ভুল দিনে স্কুলে উপস্থিত হওয়া সংক্রান্ত আরো তথ্যের জন্য, ভিজিট করুন schools.nyc.gov/returntoschool2020।

## ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য সহায়তা

DOE প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং চলাকালে সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনা প্রদান করবে। আপনার সন্তানের IEP যদি সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) সুপারিশ করে, তাহলে আপনি খুব শীঘ্রই সশরীরে নাকি দূর থেকে (রিমোট) থেরাপি আপনার পছন্দ তা জানানোর জন্য একটি জরিপ হাতে পাবেন। স্কুল শুরুর পর, আপনার সন্তানের স্কুল তার সুনির্দিষ্ট সময়সূচি নিয়ে আলোচনা করতে আপনার সাথে যোগাযোগ করবে এবং লভ্য পরিষেবাগুলোয় আপনার অনুরোধ সমন্বয় করতে সকল প্রচেষ্টা করবে। DOE বাড়তি পথনির্দেশনা এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতাদের জন্য তথ্য প্রকাশ করবে।

## অস্থায়ী আবাসন (টেম্পোরারী হাউজিং) এবং ফসটার কেয়ারের শিক্ষার্থীদের জন্য সহায়তা

অস্থায়ী আবাসনের (টেম্পোরারী হাউজিংয়ের) এবং ফস্টার কেয়ারের শিক্ষার্থীরা দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) সহ, COVID-19-এর ফলে অনন্য চ্যালেঞ্জ মোকাবিলা করছে। আমরা এই শিক্ষার্থীদের দূর থেকে শেখার (রিমোট লার্নিং) ডিভাইস আগে পাওয়া নিশ্চিত করা সহ, বাড়তি সহায়তা প্রদান করছি। শেল্টারে বসবাসরত শিক্ষার্থীদের দেয়া রিমোট লার্নিং ডিভাইসগুলোতে সেলুলার সক্ষমতা রয়েছে। স্কুলের প্রোগ্রামিং মডেল, শিক্ষার্থীর সার্বিক চাহিদা, এবং সক্ষমতার উপর ভিত্তি করে, যতটুকু সম্ভব এবং যথাযথ, অস্থায়ী আবাসনের (টেম্পোরারী হাউজিংয়ের) এবং ফস্টার কেয়ারের শিক্ষার্থীরা বাড়তি সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনা পেতে পারে।